

💵 কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

২৩৪. যে কোন ছুতানাতা দেখিয়ে উপরস্থ কোন ব্যক্তির আনুগত্য ত্যাগ করা

জুনাদাহ্ বিন্ আবু উমাইয়াহ্ (রাহিমাহুল্লাহ্) থেকে বর্ণিত তিনি বলেন: আমরা একদা 'উবাদাহ্ বিন্ স্থামিত (রা.) এর উপস্থিত হলাম। তখন তিনি ছিলেন অসুস্থ। আমরা তাঁকে বললাম: আল্লাহ্ তা'আলা আপনাকে সুস্থ করুন! আপনি আমাদেরকে এমন কিছু হাদীস শুনান যার মাধ্যমে আল্লাহ্ তা'আলা আমাদেরকে লাভবান করবেন। যা আপনি একদা রাসূল (সা.) এর মুখ থেকে শুনেছেন। তখন তিনি বলেন:

دَعَانَا رَسُوْلُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَبَايَعْنَاهُ ، فَكَانَ فِيْمَا أَخَذَ عَلَيْنَا أَنْ بَايَعْنَا عَلَى السَّمْعِ وَالطَّاعَةِ فِيْ مَنْشَطِنَا وَمَكْرَهِنَا، وَعُسْرِنَا وَيُسْرِنَا ، وَأَثَرَةٍ عَلَيْنَا ، وَأَنْ لاَ نُنَازِعَ الأَمْرَ أَهْلَهُ ، قَالَ: إِلاَّ أَنْ تَرَوْا كُفْراً بَوَاحاً عِنْدَكُمْ مِنَ اللهِ فِيْهِ بُرْهَانٌ

"একদা রাসূল (সা.) আমাদেরকে ডেকে পাঠিয়ে বাই'আত করালেন। বাই'আতের মধ্যে যা ছিলো তা হলো, আমরা তাঁর হাতে এ মর্মে বাই'আত করলাম যে, আমরা আমাদের উপরস্থদের কথা শুনবো এবং তাঁদের আনুগত্য করবো। চাই তা আমাদের মনের পক্ষেই হোক বা বিপক্ষে। চাই তা সাধারণ পরিস্থিতিতেই হোক বা কঠিন পরিস্থিতিতে। চাই তা আমাদের অধিকারকে অগ্রাহ্য করেই হোক না কেন। আর আমরা প্রশাসকদের সাথে প্রশাসন সংক্রান্ত কোন দ্বন্দেই লিপ্ত হবো না। রাসূল (সা.) বললেন: তবে তোমরা যখন তাদের পক্ষ থেকে সুস্পষ্ট কোন কুফরি দেখতে পাবে যার ব্যাপারে আল্লাহ্ তা'আলার পক্ষ থেকে তোমাদের নিকট সুস্পষ্ট কোন প্রমাণ রয়েছে"।[1]

ফুটনোট

[1] (মুসলিম, হাদীস ১৭০৯)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11484

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন